# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬০৬১

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - আবূ বাকর সিদ্দীক ও ‘উমার ফারূক (রাঃ)-এর মর্যাদা ও বৈশিষ্ট্য

اَلْفصْلُ الثَّنِفْ (بَاب مَنَاقِبِ أَبِي بَكْرٍ وَعُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُمَا)

---

আরবী

وَعَنْ حُذَيْفَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِنِّي لَا أَدْرِي مَا بَقَائِي فِيكُمْ؟ فَاقْتَدُوا بِاللَّذَيْنِ مِنْ بَعْدِي: أَبِي بكر وَعمر . رَوَاهُ التِّرْمِذِيّ

حسن ، رواه الترمذی (3663) ۔

(حسن)

বাংলা

৬০৬১-[৬] হুযায়ফাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) - বলেছেন: আমি জানি না কতদিন আমি তোমাদের মাঝে থাকব। অতএব আমার পরে তোমরা আবূ বকর এবং ’উমার-এর অনুকরণ কর। (তিরমিযী)

ফুটনোট

সহীহ: তিরমিযী ৩৬৬৩, ইবনু মাজাহ ৯৭, সহীহুল জামি ২৫১১, মুসনাদে আহমাদ ২৩৪৬৭, সহীহ ইবনু হিব্বান ৬৯০২।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (إِنِّي لَا أَدْرِي مَا بَقَائِي فِيكُمْ؟) এ প্রসঙ্গে ত্বীবী (রহিমাহুল্লাহ) বলেন, এখানে مَا টা প্রশ্নবোধক হিসেবে ব্যবহৃত হয়েছে। অতএব বাক্যের অর্থ হবে আমি জানি না কত সময় আমি তোমাদের মাঝে অবস্থান করব কম নাকি বেশি।
হাফিয আবূ নাসরুল কসসার (রহিমাহুল্লাহ) বলেন, কেননা তারা উভয়ে (অর্থাৎ আবূ বাকর ও ‘উমার রা.) আল্লাহর প্রসারিত রশি। অতএব যে ব্যক্তি তাদের আঁকড়ে ধরবে সে ব্যক্তি এমন দৃঢ় রশি আঁকড়ে ধরল যার

বন্ধন বিচ্ছেদ হওয়ার নয়। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ হুযায়ফাহ ইবন আল-ইয়ামান (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86037

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন